গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা – ২ শাখা
www.mefwd.gov.bd

"বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল কর্তৃক বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এ অবকাঠামো খাতে অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা, ২০২৬"

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অধীনে বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের সরকারি বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থ বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালসমূহের অবকাঠামো উন্নয়নকল্পে সরকারি অনুদান সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। শিরোনাম: এই নীতিমালা বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল এর পরিচালনা বাজেটের আওতায় বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অবকাঠামো খাতে অনুদান প্রদান নীতিমালা ২০২৬ নামে অবহিত হবে।

২। পরিধি: এই নীতিমালা বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর জন্য অবকাঠামো বিশেষ মঞ্জুরি বরাদ্দের ক্ষেত্রে অনুসৃত হবে।

৩। সংজ্ঞা: ক) 'কাউন্সিল' অর্থ বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল।
খ) 'বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ' অর্থ বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল।
গ) 'অনগ্রসর এলাকা' অর্থ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী তালিকা।
ঘ) কর্তৃপক্ষ অর্থ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

৪। অনুদান প্রাপ্তির ক্ষেত্র ও যোগ্যতা সমূহ:

(i) ক্ষেত্র :
বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর ভবন মেরামত ও সংস্কার, শ্রেণিকক্ষ আধুনিকীকরণ, আসবাবপত্র তৈরী/ক্রয়, হাসপাতালের বেড এর ব্যবস্থা গ্রহণ, ল্যাবরেটরী সরঞ্জাম ক্রয়/স্থাপন, আধুনিক প্যাথলজিক্যাল ল্যাব স্থাপন, আধুনিক যন্ত্রপাতি (সরঞ্জাম) ক্রয়/স্থাপন, এবং পাঠাগারের (লাইব্রেরী) উন্নয়ন।

(ii) যোগ্যতা :
(ক) প্রতিষ্ঠান এর অনুকূলে অনুদান প্রদানের নিমিত্ত বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল (অডিট রিপোর্ট অনুসারে যাছাই সাপেক্ষে) শিক্ষা প্রতিষ্ঠান, মোট শিক্ষার্থীর সংখ্যা, ছাত্র শিক্ষক অনুপাত বিবেচনায় অগ্রাধিকার প্রদান করতে হবে।
(খ) প্রতিষ্ঠান এর অনুদান প্রাপ্তির ক্ষেত্রে নিজস্ব জমি এবং অবকাঠামো থাকতে হবে। অনুদান প্রাপ্ত অর্থ ভবন সংস্কার এবং সম্প্রসারনের ক্ষেত্রে ব্যয় করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নকশা অনুমোদিত হতে হবে।
(গ) প্রতিষ্ঠান এর ব্যবস্থাপনা কমিটির বছরে কমপক্ষে ৩(তিন)টি সভা অনুষ্ঠিত হতে হবে এবং উক্ত সভার কার্যবিবরনী আবশ্যিক ভাবে কাউন্সিলে প্রেরণ করতে হবে।
(ঘ) প্রতিষ্ঠান সমূহের বার্ষিক অডিট রিপোর্ট ও আয়-ব্যয় হিসাব কলেজ ব্যবস্থাপনা কমিটির প্রতিস্বাক্ষর ও অনুমোদনক্রমে আবশ্যিকভাবে কাউন্সিলে প্রেরণ করতে হবে।
(ঙ) আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা এবং প্রয়োজনে পরিদর্শন কমিটি গঠন ও প্রেরণ পূর্বক প্রদত্ত মতামতের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা হবে।
(চ) উন্নয়ন কার্যক্রমে কাউন্সিল হতে প্রদত্ত অর্থের কমপক্ষে এক-তৃতীয়াংশ পরিমান অর্থ প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে ব্যয় করতে হবে।
(ছ) আবেদন পত্রের সাথে অভ্যন্তরীন অডিট রিপোর্ট সহ আয়-ব্যায়ের বিবরন দাখিল করতে হবে।
(জ) অন্যান্য উৎস হত্র প্রাপ্ত অনুদানের বিবরন দাখিল করতে হবে।
(ঝ) বিগত অর্থ বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত অনুদানের ব্যয় বিবরনী এবং সম্পাদিত কাজের স্থিরচিত্র দাখিল করতে হবে।
(ঞ) কোন প্রতিষ্ঠান অনুদান প্রাপ্ত অর্থের সন্তোষজনক ব্যবহার প্রদর্শন করতে না পারলে, পরবর্তীতে সেই প্রতিষ্ঠান অনুদানের জন্য বিবেচিত হবেনা।

৫। আবেদন প্রেরণ, গ্রহণ এবং যাচাই-বাছাই প্রক্রিয়া:

CamScanner

ক) বাজেট প্রাপ্তি সাপেক্ষে বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে আবেদন আহবান করে বিজ্ঞপ্তি জারি করা হবে। বিজ্ঞপ্তির কপি বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল, ঢাকা এর ওয়েবসাইট এ প্রকাশ করা হবে। বিজ্ঞপ্তির কপি জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরন করতে হবে। বিজ্ঞপ্তির কপি বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও অধ্যক্ষ কে প্রেরণ করতে হবে।

খ) অনলাইনে অথবা সরাসরি বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলে আবেদন গ্রহণ করা হবে।

গ) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে অথবা সরাসরি প্রাপ্ত আবেদনসমূহ বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল কর্তৃক গঠিত কমিটি যাচাই-বাছাই পূর্বক অনুদানের জন্য নির্বাচিত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর তালিকা চূড়ান্ত করে কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত পেশ করবে।

৬। কমিটি গঠন:

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি:

১.	যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	আহবায়ক
২.	পরিচালক (অল্টারনেটিভ মেডিসিন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর মহাখালী, ঢাকা	সদস্য
৩.	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি	সদস্য
৪.	বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক মনোনীত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর একজন অধ্যক্ষ	সদস্য
৫.	বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের নির্বাহী পরিষদ কর্তৃক মনোনীত একজন নির্বাচিত শিক্ষক প্রতিনিধি সদস্য	সদস্য
৬.	রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল	সদস্য
৭.	সিনিয়র সহকারি সচিব/ উপসচিব (চিকিৎসা শিক্ষা-২)	সদস্য-সচিব

৭। অর্থ ব্যয়ের পদ্ধতি ও শর্তাদি:

(ক) বরাদ্দ পাওয়া বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ক্ষেত্রে গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে প্রাপ্ত অর্থ পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ অনুসরন করে ব্যয় করতে হবে।

(খ) অর্থ ব্যয়ের ১ (এক) মাসের মধ্যে সম্পাদিত কাজের স্থিরচিত্র, অর্থ ব্যয়ের বিল ভাউচার এর সত্যায়িত (গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি ও অধ্যক্ষ কর্তৃক) কপি এবং গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির কার্যবিবরনীর সহ প্রতিবেদন বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল, ঢাকা ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ে প্রতিবেদন দিতে ব্যর্থ হলে উক্ত হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবিষ্যতে আর্থিক অনুদান পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে।

(গ) উক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনো প্রকারের অনিয়ম/অব্যবস্থাপনার প্রমান পাওয়া গেলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে বরাদ্দকৃত অর্থ প্রতিষ্ঠানের নামে ক্রসড চেকের মাধ্যমে প্রদান করা হবে।

(ঙ) বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরনী প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে কাউন্সিল এ প্রেরন করতে হবে।

৮। আবেদন/সুপারিশ অর্থ প্রাপ্তির অধিকার হিসাবে গণ্য করা যাবে না।

২২/০৬/২০২৬
(ডা. অমিত রায়)
সহকারী রেজিস্ট্রার
বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল।

২২/০৬/২০২৬
(সাইনী আজিজ)
সিনিয়ার সহকারী সচিব (পরিকল্পনা-২)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২২/০৬/২০২৬
(রাহেলা রহমত উল্লাহ)
উপসচিব (চিকিৎসা শিক্ষা-২)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২৩.৬.২০২৬
(নাসরিন সুলতানা)
যুগ্ম সচিব (বাজেট-১ অধিশাখা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

CamScanner